

বিষয় : জিটুপিতে ভাতা প্রদানের লক্ষ্যে সকল ভাতাভোগীর তথ্য অনলাইনে এন্ট্রি করনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে সেবাহীতার দৌরগড়ায় সেবা পৌঁছে দেয়ার নির্দেশনা বাস্তবায়নের জন্য আগামী নভেম্বর/২০১৯ খ্রি: হতে ফরিদগঞ্জ উপজেলার ০১টি পৌরসভা এবং ১৫টি ইউনিয়নে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সমাজসেবা অধিদপ্তরের আওতায় ১৪১২৮ জন বয়স্ক, ৩৬৫০ জন বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং ৩৩৪৭ জন অস্বচ্ছল প্রতিবেদী ব্যক্তিসহ সর্বমোট ২১১২৫ জন ভাতাভোগীকে জিটুপিতে ভাতা প্রদান কার্যক্রম শুরু হবে। জিটুপি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে আপনার পৌরসভা/ইউনিয়নের যে সকল ভাতাভোগী এখনো অনলাইনে ডাটা এন্ট্রি করে নাই তাদেরকে অবশ্যই আগামী ১০/১১/২০১৯ ইং তারিখের মধ্যে সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়ন ডিজিটাল সেন্ট্রার (ইউডিসি) এর উদ্যোক্তার নিকট স্বশরীরে হাজির হয়ে অনলাইনে ডাটা এন্ট্রি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ ব্যাপারে মেয়র (পৌরসভা)/চেয়ারম্যান (সকল ইউনিয়ন)কে ব্যাপক প্রচারনার মাধ্যমে আপনার পৌরসভা/ইউনিয়নের ভাতাভোগীর তথ্য অনলাইনে ডাটাএন্ট্রি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, জিটুপি পদ্ধতিতে অনলাইনে তথ্য এন্ট্রি না হলে কোনক্রমেই ভাতা পাওয়া সম্ভব নয়। সুতরাং নির্দিষ্ট তারিখের মধ্যে যে সকল ভাতাভোগী অনলাইনের ডাটা এন্ট্রি করতে ব্যর্থ হবে তাদের পরিবর্তে নীতিমালা অনুযায়ী অন্য ব্যক্তিকে প্রতিস্থাপন করা হবে। এ ব্যাপারে পরবর্তীতে কারো কোন অভিযোগ কোনক্রমেই গ্রহণযোগ্য হবেনা।


ডাটা এন্ট্রির ক্ষেত্রে ভাতাভোগীর করণীয় :

- ০১। ভাতাভোগীকে অবশ্যই স্ব-শরীরে হাজির হতে হবে।
- ০২। ভাতাভোগীকে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের (প্রতিবেদী ব্যক্তির ক্ষেত্রে) মূল কপি সঙ্গে আনতে হবে।
- ০৩। নমিনীর জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের ফটোকপি সঙ্গে আনতে হবে।
- ০৪। মোবাইল নম্বর আনতে হবে।

ডাটা এন্ট্রির ক্ষেত্রে ডাটা এন্ট্রি অপারেটরের করণীয় :

- ০১। কোনক্রমেই মৃত ভাতাভোগীর তথ্য অনলাইনে এন্ট্রি দেওয়া যাবেনা।
- ০২। ডাটা এন্ট্রি করার সময় কোন ভুল হলে তাৎক্ষণিক উপজেলা সমাজসেবা অফিসারকে অবহিত করতে হবে। অন্যথায় এ ভুলের জন্য সংশ্লিষ্ট ডাটা এন্ট্রি অপারেটর দায়ী থাকবেন।
- ০৩। ডাটা এন্ট্রির সময় ভাতাভোগীর ভাতা পরিশোধ বহি নম্বর সঠিকভাবে লিখতে হবে এবং মোবাইল নম্বর ব্যতিরেকে ভাতাভোগীর ডাটা এন্ট্রি দেয়া যাবেনা।

প্রাপক,
মেয়র, ফরিদগঞ্জ পৌরসভা
ও
চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ
ফরিদগঞ্জ, চাঁদপুর।


(শাহাদাত হোসেন)

উপজেলা সমাজসেবা অফিসার
ফরিদগঞ্জ, চাঁদপুর।

ফোন: +৮৮০১৭০৮৪১৪৭৬২

ই-মেইল: ussofaridgonj2018@gmail.com

স্মারক নং ৪১.০১.১৩৪৫.০০০.১৬.০০১.১৮.৬৯৩ (১৬৫)


তারিখ : ২৪/১০/২০১৯ খ্রি:।

সদয় জ্ঞাতার্থে :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদগঞ্জ, চাঁদপুর।
- ০২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চাঁদপুর।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর।

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। ইউনিয়ন সমাজকর্মী (সংশ্লিষ্ট), অবশিষ্ট ভাতাভোগীর ডাটা এন্ট্রি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ০২। কাউন্সিলর পৌরসভা (সকল)/ইউপি সদস্য (সকল), নিজ নিজ ওয়ার্ডের ভাতাভোগীকে ডাটা এন্ট্রি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ০৩। অফিস কপি।


উপজেলা সমাজসেবা অফিসার
ফরিদগঞ্জ, চাঁদপুর।